

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০০৩.২২.১০৫

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯

২৭ এপ্রিল ২০২২


বিজ্ঞপ্তি

বিষয়: i) Negotiation Skills and English Proficiency Course ও (ii) Policy Formulation, E-governance & ICT Course এর ৩টি করে মোট ৬টি ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিবেচ্যপত্রের মাধ্যমে 'Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses (1st Revised)' শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় (i) Negotiation Skills and English Proficiency Course ও (ii) Policy Formulation, E-governance & ICT Course এর ৩টি করে মোট ০৬টি ব্যাচের প্রশিক্ষণ জুলাই/২০২২ এর দ্বিতীয় সপ্তাহ হতে পর্যায়ক্রমে শুরু হবে। কোর্সের মেয়াদ ৩০ দিন। প্রথম ১৫ দিন অভ্যন্তরীণ প্রশিক্ষণ (আবাসিক) বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় এবং অবশিষ্ট ১৫ দিন (যাতায়াতসহ) বিদেশে পরবর্তীতে সুবিধাজনক সময়ে অনুষ্ঠিত হবে। বিদেশে প্রশিক্ষণের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করতে হবে। বর্ণিত প্রশিক্ষণে সরকারের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিববৃন্দ আবেদন করতে পারবেন।

০৩। উল্লেখ্য, ইতিপূর্বে যে সকল কর্মকর্তা বর্ণিত ০২টি বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ বা উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন বা বর্ণিত প্রকল্পের আওতায় কোনো প্রশিক্ষণ গ্রহণ করেছেন, এ বছরে এনডিসি কোর্সের জন্য মনোনীত হয়েছেন বা এনডিসি কোর্স সমাপ্ত করেছেন এবং দীর্ঘমেয়াদে কোনো প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া, যাদের বয়স ৫৪ (চুয়ান্ন) বছরের বেশি তারা আবেদন করতে পারবেন না। একজন কর্মকর্তা যে কোনো একটি বিষয়ে আবেদন করতে পারবেন।

০৩। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তাগণ আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ অর্থাৎ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, কক্ষ-১০১, ভবন নং-৩, ২য় তলা} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে (আবেদন ফরম) আবেদন করতে পারবেন।



২৭-৪-২০২২

এ.এস.এম. মুস্তাফিজুর রহমান
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৭১১৩
ইমেইল: it3@mopa.gov.bd

কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

আবেদন ফরম

বরাবর

সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয় : কোর্সে মনোনয়নের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি বিয়াম ফাউন্ডেশনের 'Strengthening Institutional Capacity of BIAM for Conducting Core Courses (1st Revised)' শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বিষয়ে উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম ও পরিচিতি নম্বর	:	
০২।	পদবি ও কর্মস্থল	:	
০৩।	জন্ম তারিখ	:	
০৪।	বয়স (৩১/০৫/২০২২ তারিখে)	:	
০৫।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৬।	অবসর গ্রহণের তারিখ	:	
০৭।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৮।	ইতঃপূর্বে সম্পন্নকৃত বৈদেশিক প্রশিক্ষণ ও ডিগ্রির বিবরণ	:	
০৯।	মোবাইল নম্বর	:	
১০।	ইমেইল নম্বর	:	

০২। এমতাবস্থায়, আমাকে কোর্সে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করছি।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর